



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬,
ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫
e-mail: dcc1989@dcc.edu.bd
Web: www.dcc.edu.bd,

স্মারক নং: ঢাকক- ৮৮/১৫৭/২০

তারিখ: ২৪ শে কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ.
০৯ ই নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ.

দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজের নিম্নোক্ত প্রকাশনা ও শুভেচ্ছাসামগ্রীর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই এর জন্য বৈধ ট্রেড লাইসেন্সধারী ছাপাখানার মালিকগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে-

লট-০১: কলেজ ম্যাগাজিন “প্রগতি-২০২০” এর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই

লট-০২: কলেজ “ডায়েরি-২০২১” এর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই

লট-০৩: কলেজ “ক্যালেন্ডার-২০২১” এর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই

- **দরপত্র সংক্রান্ত নথি সংগ্রহ:** ১ অগ্রহায়ন ১৪২৭ বঙ্গাব্দ/ ১৬ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ, বেলা ১টা (শুক্রবার ছাড়া যে কোনো কর্মদিবস) এর মধ্যে “দরপত্র সংক্রান্ত নথি” কলেজ-এর অফিস শাখা থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া কলেজ ওয়েবসাইট (dcc.edu.bd) থেকেও “দরপত্র সংক্রান্ত নথি” ডাউনলোড করা যাবে। উল্লিখিত সময়ের পর কাউকে “দরপত্র সংক্রান্ত নথি” বিতরণ করা হবে না।
- **দরপত্র জমা:** ২ অগ্রহায়ন ১৪২৭ বঙ্গাব্দ/ ১৭ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ, বেলা ২টার মধ্যে দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার-হেড প্যাডে সিলগালাকৃত দরপত্র অফিস শাখায় রক্ষিত নির্ধারিত ব্যাল্ডে জমা দিতে হবে। একইদিন বেলা ৩:৩০ মিনিটে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) দরপত্র খোলা হবে।

প্রত্যেক আগ্রহী দরদাতার জন্য উভয় লটার (লট-১, লট-২ ও লট-৩) দর প্রস্তাব করা বাধ্যতামূলক যা একক খামে হতে হবে। আংশিক দরপত্র অথবা পৃথক খামে (লট-১, লট-২ ও লট-৩) দাখিলকৃত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

আগ্রহী দরদাতাগণকে দর নির্ণয় ও উপস্থাপনের পূর্বে দরপত্র বিজ্ঞপ্তি এবং “দরপত্র সংক্রান্ত নথি”র প্রতিলিপি বিবরণ ও নির্দেশনা, যেমন-“দ্রব্যের বিবরণ”, “দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্য আনুষঙ্গিক তথ্য” (সংযুক্তি-১) এবং “দর উপস্থাপন সারণি” (সংযুক্তি-২) যথাযথ গুরুত্বসহ আনুপূর্বিক পড়ে এবং বুঝে নিতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

কোন কারণ দর্শানো ছাড়াই দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ঢাকা কমার্স কলেজ